গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

## সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তর প্রধানগণের সাথে অনুষ্ঠিত জুন, ২০২৩-এর মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ১১ জুন ২০২৩ |
| সভার সময় | অপরাহ্ন ০২.৪৫টা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি এ বিভাগের কর্মকাণ্ডকে নতুন নতুন উদ্ভাবন প্রক্রিয়ার মাধ্যমে আরো বেগবান করে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এরপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)-কে অনুরোধ জানান। অতঃপর যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন :

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>১</td><td>বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ ।</td><td>১৪ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। সভাকে জানানো হয়, লিখিত কিংবা মৌখিকভাবে কোন প্রকার সংশোধনী পাওয়া যায়নি।</td><td>১৪ মে ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো।</td></tr>
<tr><td></td><td><u>কোভিড-১৯ পরিস্থিতি :</u></td><td>
<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>আক্রান্ত কর্মকর্তা/ কর্মচারী</th><th>চিকিৎসাধীন</th><th>সুস্থ কর্মকর্তা/কর্মচারী</th><th>মৃত কর্মকর্তা/ কর্মচারী</th></tr>
<tr><td>এসএসডি</td><td>৪২</td><td>০</td><td>৪২</td><td>০</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৫০০</td><td>০</td><td>৪৯৭</td><td>3</td></tr>
<tr><td>প্রিজন</td><td>৭৬২</td><td>০</td><td>৭৫৯</td><td>3</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>১৫১</td><td>০</td><td>১৫১</td><td>০</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>২৩৬</td><td>০</td><td>২৩৪</td><td>২</td></tr>
<tr><td>মোট</td><td>১৬৯১</td><td>০</td><td>১৬৮৩</td><td>৮</td></tr>
</table>
</td><td>সিদ্ধান্ত : সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী যেন কোভিড-১৯ প্রতিরোধে স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলে তা নিশ্চিত করতে হবে।<br><br>বাস্তবায়নকারী : সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ/অধিদপ্তর (প্রধান) সকল।</td></tr>
<tr><td>২</td><td><u>শূন্যপদ পুরণ</u></td><td>যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান, এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় শূন্যপদের সংখ্যা নিম্নরূপ :
<table>
<tr><th>দপ্তর/সংস্থা</th><th>অনুমোদিত পদ</th><th>কর্মরত</th><th>শূন্যপদ</th></tr>
<tr><td>এসএসডি</td><td>২৭৭</td><td>২০৫</td><td>৭২</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>৩০৫৯</td><td>১৮৯৭</td><td>১১৬২</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>১৪,৪৬৮</td><td>১৩,৩৪০</td><td>১,১২৮</td></tr>
<tr><td>প্রিজন</td><td>১২,১৭৮</td><td>১০,৪৪৮</td><td>১,৭৩০</td></tr>
</table>
</td><td>১)অধিদপ্তরসমূহের সকল শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে;</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ডিআইপি | ১,৫০২ | ১,১১০ | ৩৯২ |
| মোট | ৩১,৪৮৪ | ২৭,০০০ | ৪,৪৮৪ |

| মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর (মোট পদ সংখ্যা) | ১ম-৯ম গ্রেড | ১০ম গ্রেড | ১১-১৬ গ্রেড | ১৭-২০ গ্রেড | মোট |
|---|---|---|---|---|---|
| এসএসডি | ২৫ | ৫ | ২৪ | ১৮ | ৭২ |
| ডিআইপি | ৭২ | ১৪০ | ১৫৫ | ২৫ | ৩৯২ |
| ডিএনসি | ১৯৯ | ১৪২ | ৭১৫ | ১০৬ | ১১৬২ |
| এফএসসিডি | ৬ | ৪৯ | ৭৫৭ | ৩১৬ | ১১২৮ |
| প্রিজন | ১৭৮ | ১১৭ | ১২৮৬ | ১৪৯ | ১৭৩০ |
| মোট | **৪৮০** | **৪৫৩** | **২৯৩৭** | **৬১৪** | **৪৪৮৪** |

এ পর্যায়ে অধিদপ্তর প্রধানগণ তাঁর অধিদপ্তরের শূন্যপদ পূরণে গৃহীত কার্যক্রমের অগ্রগতি নিম্নরূপে সভায় উপস্থাপন করেন :

**(১) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** সিস্টেম এনালিস্ট ১টি, সহকারী পরিচালক ১টি মোট ২টি শূন্যপদে সরাসরি নিয়োগের প্রস্তাব এ বিভাগে প্রেরণ করা হয়েছে। অ্যাসিস্টেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার-৪টি, অ্যাসিস্টেন্ট প্রোগ্রামার-১টিসহ সর্বমোট ৫টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে এ বিভাগ হতে পিএসসিতে প্রেরণ করা হয়েছে।

- সরাসরি নিয়োগযোগ্য সহকারী পরিচালক এর ৩২টি শূন্যপদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত ২৬.০২.২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

- ১১-১৬ গ্রেডের ১৫৭টি শূন্যপদের বিপরীতে ২৬.১২.২০২২ তারিখ সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর ৩টি, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ৪টি, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ২৩টি, এসিস্ট্যান্ট একাউন্ট্যান্ট ২৪টি, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর ৪৫টি এবং রেকর্ড কীপার পদে ৪টি, মোট ১০৩ (একশত তিন)টি পদে নিয়োগের নিমিত্ত লিখিত এবং ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন হয়েছে এবং মৌখিক পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান আছে।

**(২) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** ৯ম গ্রেডের ১০ ক্যাটাগরির ৭৪টি শূন্যপদে ৪০তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে নিয়োগের নিমিত্ত (১৮টি সহকারী পরিচালক এর পদ, ১৬টি মেডিকেল অফিসার এর পদ, ১টি সহকারী রেজিষ্টার এর পদ, ৩টি ইমারজেন্সী মেডিকেল অফিসার এর পদ, ৯টি রিহেবিলিটেশন অফিসার এর পদ, ৮টি সহকারী রাসায়নিক পরীক্ষক এর পদ, ৮টি সাইকিয়াট্রিক সোসাল ওয়ার্কার এর পদ, ৮টি ক্লিনিক্যাল সাইকোলজিষ্ট এর পদ, ২টি হিসাবরক্ষক এর পদ এবং ১টি আইন কর্মকর্তা) সুরক্ষা সেবা বিভাগ হতে পিএসসি'তে ২১ সেপ্টেম্বর ২০২২ তারিখে অধিযাচনপত্র প্রেরণ করা হয়েছে।

- ১০ম গ্রেডের ৪ ক্যাটাগরির ৭৫টি শূন্যপদে ৪০তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে হতে নিয়োগের নিমিত্ত [(১. প্রসিকিউটর ২. পরিদর্শক ৩. কাউন্সেলর এবং ৪. মেট্রোন (জুনিয়র)] বাংলাদেশ কর্মকমিশন সচিবালয়ে অধিযাচন প্রেরণের জন্য ২৬ সেপ্টেম্বর ২০২২ সুরক্ষা সেবা বিভাগে অনুরোধপত্র প্রেরণ করা হয়েছে।

২)অধিদপ্তরসমূহের যে সকল শূন্যপদ পিএসসি এর মাধ্যমে পূরণের জন্য নিয়োগ বিধিতে উল্লেখ রয়েছে সেসকল পদ দ্রুত পূরণের জন্য পিএসসি'র সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।

৩)বাংলাদেশ সরকারী কর্মকমিশন ( বিপিএসসি) এর মাধ্যমে পূরণযোগ্য পদসমূহের অধিযাচনের তালিকার ভিত্তিতে দ্রুত নিয়োগদানের বিষয়ে বিপিএসসি'র চেয়ারম্যান এর সাথে আলোচনার সুবিধার্থে আওতাধীন দপ্তর হতে প্রেরিত পদের অধিযাচনের তালিকা সচিবের নিকট দাখিল করতে হবে।

৪)আগামী ৬ মাসের মধ্যে সকল প্রকার নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।

৫)বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নিয়োগ বিধি অতিদ্রুত সম্পন্ন করে সকল প্রকার নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।

৬)এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের গুরত্বপূর্ণ শূন্যপদসমূহ পুরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় এবং বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি) এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত

| | | | |
|---|---|---|---|
| | | ● ৬ষ্ঠ গ্রেডের সিস্টেম এনালিস্ট পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগ হতে পিএসসি'তে ২১ মার্চ, ২০২৩ তারিখে অধিযাচনপত্র প্রেরণ করা হয়েছে।<br><br>● ১১-১৬ গ্রেডের ৭২১টি শূন্যপদের মধ্যে গ্রন্থাগার সহকারী এর ১টি এবং গাড়িচালক এর ১১টি শুন্যপদে নিয়োগের লক্ষ্যে ৩০ মার্চ ২০২৩ তারিখে নিয়োগপত্র ইস্যু করা হয়েছে। অফিস সহায়ক এর ৬টি পদে জনবল নিয়োগের লক্ষ্যে ১০ এপ্রিল ২৩ তারিখে মৌখিক পরীক্ষা গ্রহণ হয়েছে।<br><br>**(৩) কারা অধিদপ্তর** : ১৭ জানুয়ারি ২০২৩ তারিখ ৯০ জন সহকারী সার্জনকে পদায়নের মাধ্যমে বিভিন্ন কারা হাসপাতালে সংযুক্ত করা হয়েছে। তন্মধ্যে ৭০ জন সহকারী সার্জন ইতোমধ্যে যোগদান করেছেন। এছাড়া ইতোপূর্বে স্থানীয় সিভিল সার্জন ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক সাময়িকভাবে সংযুক্ত আরো ৪৯ জন চিকিৎসক বিভিন্ন কারাগারে কর্মরত রয়েছে।<br><br>● ৩১টি ডেপুটি জেলার এবং ১০টি মহিলা ডেপুটি জেলার পদ শূন্য রয়েছে। ২৫টি ডেপুটি জেলার ও ৫টি মহিলা ডেপুটি জেলার মোট ৩০টি পদ ৪০তম বিসিএস থেকে পূরণের জন্য কারা অধিদপ্তর হতে ২৯.০৯.২০২২ মূলে সুরক্ষা সেবা বিভাগে পুনঃঅধিযাচন প্রেরণ করা হয়েছে। এ বিভাগ হতে ০৩.১০.২০২২ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বর্তমানে আরো ৩টি ডেপুটি জেলার ও ৪টি মহিলা ডেপুটি জেলার পদ শূন্য হয়েছে।<br><br>● ৬৩টি ডিপ্লোমা নার্স-এর পদ শূন্য রয়েছে। পিএসসি হতে ১৩.০৪.২০২২ তারিখে ২ জন ডিপ্লোমা নার্স নিয়োগের জন্য সুপারিশ করা হয়। শূন্যপদের ১০% হিসাবে ৬টি পদ সংরক্ষণ করে ৫৫টি ডিপ্লোমা নার্স পদে নিয়োগের প্রস্তাব কারা অধিদপ্তর হতে ২৭.১০.২০২২ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। এ বিভাগ হতে ২১.১১.২০২২ তারিখে পিএসসি বরাবরে অভিযাচনপত্র প্রেরণ করা হয়েছে।<br><br>**২০তম গ্রেড ও তদুর্দ্ধ :** ১১-১৬ গ্রেডের কারারক্ষী ৩৫৪টি এবং মহিলা কারারক্ষী ২৯টি পদে ইতোমধ্যে শরীরিক যোগ্যতা যাচাই এবং লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়েছে। বর্তমানে চূড়ান্ত ফলাফল প্রকাশের কার্যক্রম চলমান। তাছাড়া আউটসোর্সিংভুক্ত কার্পেন্টার (কাঠমিস্ত্রী)-এর ১টি পদে নিয়োগের অনুমোদন পাওয়া গেছে।<br><br>**(৪) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর : ১০ম গ্রেড ও তদুর্দ্ধ** : পিএসসি'তে ২৫০টি (ফোরম্যান-২, স্টাফ অফিসার-২৪, স্টেশন অফিসার-২২২ ও জুনিয়র প্রশিক্ষক-২) পদের নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন।<br><br>● ১১-২০ গ্রেডের সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার মুদ্রাঃ-২টি, ওয়ারলেস মেকানিক-৪টি, অফিস সহকারী-১টি, স্টোর সহকারী-২টি, ইলেকট্রিশিয়ান-১টি ও অফিস সহায়ক-৩টি মোট ১৩টি পদের বিজ্ঞপ্তি গত ২৬ এপ্রিল ২০২৩ তারিখে প্রকাশ করা হয়েছে। | রাখতে হবে।<br><br>৮)মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে ক্লিনার পদে আউটসোসিং এর পরিবর্তে পদ সৃজনের প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>৯) মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশ মোতাবেক এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের পঞ্চাশ শতাংশের ওপর যেসকল পদ শূন্য রয়েছে তা দ্রুত পূরণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব (প্রশাসন-১)।** |

| | | | |
|---|---|---|---|
| ৩ | **জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন** | যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান, ২৪-২৬ জানুয়ারি তারিখে অনুষ্ঠিত জেলাপ্রশাসক সম্মেলন-২০২২ এ বিভাগ সংশ্লিষ্ট ১১টি সিদ্ধান্ত রয়েছে।এর মধ্যে ১টি বহিরাগমন অনুবিভাগ, ২টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৩টি কারা অধিদপ্তর এবং ৫টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সংশ্লিষ্ট। সভাপতি জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমুহ যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। এ ছাড়া ২০২২ সালের জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত এ বিভাগ সম্পর্কিত যেসব সিদ্ধান্ত এখনও পুরোপুরি বাস্তবায়িত হয়নি তা বাস্তবায়নের যথাযথ উদ্যোগ অব্যাহত রাখতে হবে। | ১)জেলাপ্রশাসক সম্মেলন, ২০২৩ এবং জেলাপ্রশাসক সম্মেলন, ২০২২ এ গৃহীত এ বিভাগের অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।<br><br>২)সোনাহাট স্থলবন্দরে ইমিগ্রেশন চালু করার জন্য ভারতীয় কর্তৃপক্ষের সাথে পত্রালাপ করার নিমিত্ত পররাষ্ট্র মন্ত্রণালয়কে পত্র দিতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/ শাখা।** |

<table>
<tr>
<td>৪</td>
<td>ই-টেন্ডারিং</td>
<td>
এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমুহে ক্রয় ব্যবস্থাপনায় ই-টেন্ডারিং-এর অগ্রগতি সম্পর্কে নিম্নবর্ণিত অগ্রগতি সভাকে জানানো হয় :<br><br>
ডিআইপি : মে, ২০২৩ এ ই-জিপিতে ২টি পণ্যের টেন্ডার আহ্বান করা হয়েছে। ৫০টি লেজার জেট প্রিন্টার ক্রয় সংক্রান্ত। ২৫টি এমআরভি ভিসা প্রিন্টার ক্রয় সংক্রান্ত।<br><br>
ডিএনসি : বিবেচ্য মাসে ১টি ক্রয় পরিকল্পনা ই-জিপিতে সম্পাদন করা হয়েছে।<br><br>
এফএসসিডি :২০২২-২০২৩ অর্থবছরে পোশাক সামগ্রী খাতে প্রাপ্ত বরাদ্দ দ্বারা স্যান্ডো গেঞ্জি, বেডসীট, ওয়েভ বেল্ট, ডীপ সাইন, হ্যাগিং ব্যাজ, Rescue Badge, fire fighter badge, FSCD Bangladesh badge, স্যু-ব্রাশ কালো, স্যু-পালিশ কালো, FSCD সোল্ডার লেটার, নেইম প্লেট, ফিল্ড ক্যাপ সেলাই ও ইউনিফর্ম সেলাই এর দরপত্র মূল্যায়ন শেষে চুক্তিপত্র ও কার্যাদেশ সম্পন্ন করা হয়েছে। টিসি কমবেট কাপড়, উইন্টার জ্যাকেট ও মনিহারী সামগ্রী, স্ট্রিলের ট্যাংক, সু-অক্সফোর্ড, ও কেডস সংগ্রহের জন্য ই-জিপি পদ্ধতিতে দরপত্র আহ্বানকৃত দরপত্রটি মূল্যায়ন কার্যক্রম শেষে চুক্তিপত্র ও কার্যাদেশ সম্পন্ন করা হয়েছে। অপরদিকে, পোষাকখাতে ফায়ারফাইটিং ভেস্ট, ট্রাক স্যুট, রেইন কোট ও সিরিমোনিয়াল ড্রেস ২৫.০৫.২০২৩ তারিখে উন্মুক্তকরণ শেষে মূল্যায়ন প্রক্রিয়াধীন রয়েছে এবং হেলমেট ও গামবুট ৩১.০৫.২০২৩ তারিখে উন্মুক্ত করা হয়েছে।<br><br>
অপরদিকে, গাড়ি/পাম্পের খুচরা যন্ত্রাংশ স্থানীয় উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে সংগ্রহের জন্য আহ্বানকৃত দরপত্র ৫টি মূল্যায়ন শেষে চুক্তিপত্র ও কার্যাদেশ সম্পন্ন করা হয়েছে এবং আরো ২৩ প্রকার গাড়ি পাম্পের খুচরা যন্ত্রাংশের উন্মুক্ত দরপত্র আহ্বান করা হয়েছে।<br><br>
প্রিজন : মে, ২০২৩ পর্যন্ত ৪০টি প্যাকেজের দরপত্র ই-জিপি’র মাধ্যমে আহ্বান করা হয়েছে। তন্মধ্যে মে, ২০২৩ এ আহ্বানকৃত ১টি প্যাকেজের মধ্যে ১টি প্যাকেজ লাইভে আছে।
</td>
<td>
১)বার্ষিক ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল প্রকার ক্রয় কার্যক্রম এপিএ-তে বর্ণিত সূচক অনুযায়ী সম্পাদন অব্যাহত রাখতে হবে;<br><br>
২)পিপিআর আইন যথাযথভাবে অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>
৩) সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য/সেবা/কার্য ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং ক্রয় কার্যে অংশগ্রহণের ইচ্ছুক সকল ব্যক্তির প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করতে হবে।<br><br>
বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।
</td>
</tr>
<tr>
<td>৫</td>
<td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি</td>
<td>
এ বিভাগের এপিএ টিম লিডার ও অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ) সভাকে অবহিত করেন যে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত সূচক অর্জন লক্ষ্যমাত্রা অনুযায়ী রয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনের ধারা অব্যাহত রাখার লক্ষ্যে নিমিত্ত এপিএ টিম লিডার এবং দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে নিয়মিত পর্যালোচনা সভা আয়োজন করা হয়। মার্চ, ২০২৩ পর্যন্ত এপিএ'র অর্জিত লক্ষ্যমাত্রা পর্যালোচনা করে দেখা যায় নিম্নোক্ত সূচক অর্জনে প্রচেষ্টা বাড়াতে হবে :<br><br>
<table>
<tr><th>কার্যক্রম</th><th>একক</th><th>সূচকের মান</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>অগ্নি অনুবিভাগ সংশ্লিষ্ট</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>বস্তি/বহুতল ভবন/ শপিংমল/হাসপাতাল ও অন্যান্য স্থানে অগ্নিনির্বাপণী মহড়া পরিচালনা</td><td>সংখ্যা</td><td>৩</td><td>৪,৫০০টি</td><td>৩,৬৩৮টি</td></tr>
<tr><td>দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিস এবং উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভা আয়োজন</td><td>সংখ্যা</td><td>২</td><td>৬টি</td><td>৫টি</td></tr>
</table>
</td>
<td>
১)বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক-ক. বস্তি/বহুতল ভবন/শপিংমল/হাসপাতাল ও অন্যান্য স্থানে অগ্নিনির্বাপণী মহড়া পরিচালনা, খ. দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিস এবং উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভার আয়োজন, গ. সরকারি/বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা
</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ সংশ্লিষ্ট</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>সরকারি/বেসরকারি মাদকাসক্ত নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা প্রদান</td><td>সংখ্যা</td><td>২</td><td>৩১,০০০জন</td><td>২৫,৯৯৬জন</td></tr>
<tr><td>এ্যানফোর্সমেন্ট কমিটির সভা আয়োজন</td><td>সংখ্যা</td><td>১</td><td>৪টি</td><td>৩টি</td></tr>
<tr><td>মাদক সংক্রান্ত পরিবীক্ষণ সভা আয়োজন</td><td>সংখ্যা</td><td>১</td><td>৪টি</td><td>৩টি</td></tr>
<tr><td>উন্নয়ন অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রম</td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>বিদেশস্থ মিশন হতে ই-পাসপোর্ট কার্যক্রম সম্প্রসারণ</td><td>সংখ্যা</td><td>৩</td><td>১০টি</td><td>৮টি</td></tr>
</table>
</td>
<td>প্রদান, ঘ. এ্যানফোর্সমেন্ট কমিটির সভার আয়োজন, ঙ.মাদক সংক্রান্ত পরিবীক্ষণ সভার আয়োজন, চ. বিদেশস্থ মিশন হতে ই-পাসপোর্ট কার্যক্রম সম্প্রসারণ-এর লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের নিমিত্ত সংশ্লিষ্ট কর্মকর্তাকে সর্বাত্তক প্রচেষ্টা গ্রহণ করতে হবে।<br><br>২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত সূচক অর্জনের নিমিত্ত এপিএ টিম লিডার এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আওতাধীন দপ্তর/সংস্থার সাথে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে।<br><br>৩) কোন সূচক অর্জনের ক্ষেত্রে কোন ধরনের সমস্যা পরিক্ষিত হলে তা নিরসনে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সভা অনুষ্ঠানসহ দাপ্তরিক/ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : এপিএ টিম লিডার/ অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
<tr>
<td>৬</td>
<td>অডিট</td>
<td>উপসচিব, বাজেট-২ শাখা এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের অডিট কার্যক্রম বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন :<br><br>
<table>
<tr><th>বিভাগ/সংস্থার নাম</th><th>মোট অডিট আপত্তির সংখ্যা</th><th>জড়িত অর্থের পরিমাণ</th><th>মোট নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা</th><th>অবশিষ্ট আপত্তির সংখ্যা</th></tr>
<tr><td>ডিআইপি</td><td>৯১টি (NSFI: ২৯ ও SFI ৬২)</td><td>২৮১৩,২৩,৩৩,৬৬২.৭ (NSFI: ২৫২,৫০,৪৭,৩৪০.৯২ SFI: ২৫৬০,৭২,৮৬,৩২১.৮)</td><td>৩২</td><td>৫৯ NSFI-১১ SFI-৪৮</td></tr>
<tr><td>প্রিজন</td><td>৪৮৭</td><td>২৯৫,২২,৯৫,৩৪২/-</td><td>২৯২</td><td>১৯৫</td></tr>
</table>
</td>
<td>১) যে সকল আপত্তির ব্রডশিট জবাব প্রদান এখনো বাকী আছে সেসকল আপত্তির ব্রডশিট জবাব এক মাসের মধ্যে প্রদান করতে হবে;<br><br>২)দীর্ঘদিনের পুরাতন ও Serious Financial Irregularities (SFI) আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজন অব্যাহত রাখতে হবে।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| এফএসসিডি | ৪২টি (১৭-১৮=১২ ১৮-১৯=১৩ ২০-২১=১৭) | ১৭৯,৩৬,১৬,৫৭২ (২,৫৩,৮২,৬৮৯ ১৫৫,২৬,৬৭,৭৫৩ ২১,৫৫,৬৬,১৩০) | ১১ NSFI (১৮-১৯=০৩) (২০-২১=০৫) SFI (২০-২১=০৩) | ৩১ |
| ডিএনসি | ১৩ | ৭৩১,৩৪,৪৬,০৯৪/- | - | ১৩ |

**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** সুরক্ষা সেবা বিভাগে ৫টি কার্যক্রম প্রক্রিয়াধীন আছে, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরে ৩০টি এবং আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে ২৪টি পেন্ডিং রয়েছে।

**কারা অধিদপ্তর :** কারা অধিদপ্তরে পেন্ডিং ১০৭টি আপত্তির মধ্যে ৯৬টি আপত্তির জবাব পূর্বে বিভিন্ন স্মারকে মন্ত্রণালয়/আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছিল যা সংশোধনপূর্বক পুনঃপ্রেরণের জন্য মতামত আকারে পাওয়া গেছে। সেগুলোসহ অবশিষ্ট ১১টি আপত্তির কার্যক্রম সংশ্লিষ্ট দপ্তর/কারাগারে চলমান রয়েছে। সুরক্ষা সেবা বিভাগে ৬টি অডিট আপত্তির মধ্যে ১টি'র ব্রডশীট জবাব নথিতে উপস্থাপন করা হয়েছে এবং ৫টি অডিট আপত্তি বাজেট-২ শাখায় এখনও পাওয়া যায় নি।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** ২০১৭-১৮ অর্থবছরের ১২টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।

২০১৮-১৯ অর্থবছরের ১৩টি অডিট আপত্তির মধ্যে ৩টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ১০টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।

২০২০-২১ অর্থবছরের ১৭টি অডিট আপত্তির মধ্যে আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রেরিত ৮টি Non Serious Financial Irregularities (NSFI) এর মধ্যে ৫টি এবং (SFI) ৯টির মধ্যে ৩টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। বাকি ৯টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** ৪টি অডিট আপত্তির সর্বমোট ৭১৩,৭১,৫২,৪২৭/-টাকা আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর হতে নিষ্পত্তি করা হয়েছে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

৭ **পেনশন**

সভাকে জানানো হয়, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ৩টি ও কারা অধিদপ্তরে ১টি পেনশন কেস অনিষ্পন্ন রয়েছে।

| বিভাগ/অধিদপ্তর | পূর্ববর্তী মাসের অনিষ্পন্ন পেনশনের সংখ্যা | বিবেচ্য মাসে প্রাপ্ত কেসের সংখ্যা | মোট কেসের সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পন্ন কেসের সংখ্যা | মোট অনিষ্পন্ন কেসের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ডিআইপি | ০ | ০ | ০ | ০ | ০ |
| ডিএনসি | ০ | ২ | ০ | ২ | ২ |
| এফএসসিডি | ২ | ০ | ২ | ১ | ১ |
| প্রিজন | ০ | ১ | ১ | ০ | ০ |

১) এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

৮ **পরিদর্শন : মে, ২০২৩ এর পরিদর্শন সংক্রান্ত নিম্নরূপ তথ্য উপস্থাপন করা হয় :**

| বিভাগ/অধিদপ্তর | পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি | পরিদর্শনের তারিখ ও পরিদর্শনকৃত স্থাপনার নাম | মন্তব্য/সুপারিশ |
|---|---|---|---|
| **এসএসডি** | জনাব মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী, সচিব | **০৪-০৬ মার্চ ২০২৩**<br>১.যশোর জেলার বেনাপোল স্থল বন্দরে ই-গেইট উদ্বোধন।<br>২.পল্লবী ফায়ার স্টেশনের উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান। | --- |
| | জনাব মোসাম্মাৎ শাহানারা খাতুন, অতিরিক্ত সচিব | **২৩-২৭ মে ২০২৩**<br>১.রাজশাহী বিভাগীয় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স । | ১) ভবনটি অধিক পুরাতন ও জরাজীর্ণ প্রশাসনিক ভবনটি ভেঙ্গে উক্ত স্থানে বহুতল প্রশাসনিক কাম আবাসিক ভবন নির্মাণ করা প্রয়োজন।<br>২) রাজশাহী মহানগরীর জন্য নতুন টি টি এল অথবা এপিএল বিশেষায়িত গাড়ি সরবরাহ প্রয়োজন। উক্ত গাড়ি রাখার জন্য উপযুক্ত গ্যারেজ প্রয়োজন।<br>৩) পদ্মা নদীতে অগ্নি/নৌ-দুর্ঘটনা স্থলে দ্রুত উদ্ধার অভিযান পরিচালনার সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক স্থল কাম নদী ফায়ার স্টেশন স্থাপন করা প্রয়োজন। |
| | জনাব সেখ ফরিদ আহমেদ, উপসচিব | **১৩-১৬ মে ২০২৩**<br>১.জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, বগুড়া।<br>২.ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বগুড়া্। | **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** প্রতিমাসে মামলা দাখিলের তুলনায় মামলা নিষ্পত্তির হার খুবই কম। এ ধারা অব্যাহত থাকলে অনিষ্পন্ন মামলার সংখ্যা দিন দিন বৃদ্ধি পাবে। বিজ্ঞ আদালতের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা এবং নিয়মিত সাক্ষী হাজির করার মাধ্যমে মামলার সংখ্যা কমাতে হবে। |
| | জনাব মোঃ মোশারফ হোসেন, উপসচিব | **২৮-২৯ মে ২০২৩**<br>কারা প্রশিক্ষণ একাডেমি, রাজশাহী | কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ শেষ করতে হবে। নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে তদারকি জোরদার করার জন্য অনুরোধ করা হলো। |
| | | রাজশাহী বিভাগীয় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন পরিদর্শন | ক) নদী এলাকার মানুষদের সুরক্ষা দেওয়ার জন্য রাজশাহী, সিরাজগঞ্জ ও বগুড়ায় তিনটি স্থলকাম নদী ফায়ার স্টেশন স্থাপন করা যেতে পারে।<br>খ) রাজশাহী বিভাগীয় অফিস ভবনটি জরাজীর্ণ অবস্থা গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জনাব মোঃ কামরুজজামান, সিনিয়র সহকারী সচিব | **<u>২৬ ফেব্রুয়ারি ২০২৩</u>**<br>১.বান্দরবান জেলা কারাগার | ক) কারাগারের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কারা এলাকায় জরুরিভিত্তিতে সীমানা প্রাচীর (বাউন্ডারি ওয়াল) এবং একটি দৃষ্টিনন্দন আরপি গেইট নির্মাণের উদ্যোগ গ্রহণের জন্য কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা-কে অনুরোধ করা হলো।<br>খ) বন্দি ধারণ ক্ষমতা বৃদ্ধিসহ নতুন একটি বন্দি ব্যারাক (তিন তলা বিশিষ্ট) নির্মাণের উদ্যোগ গ্রহণের জন্য কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা-কে অনুরোধ করা হলো। |
| | | জনাব হাফিজুল হক, সহকারী সচিব | **<u>০৯ মে ২০২৩</u>**<br>১.চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার,<br>২.জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, চট্রগ্রাম,<br>৩. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্রগ্রাম। | **চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার পরিদর্শন :**<br>১. কারাগারের এক্সরে মেশিনটি দীর্ঘদিন ধরে অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। এটি সচল করার জন্য অনুরোধ করা হয়েছে।<br>২. কারা ক্যান্টিনের সামনে খাবারের দাম উল্লেখ ছিলনা। দৃশ্যমান স্থানে মূল্য তালিকা সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়েছে।<br>৩. ঔষধের স্টোরেজে ফ্রিজের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হয়েছে। রেজিস্ট্রার হালনাগাদ করার জন্য বলা হয়েছে।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** জেলা কার্যালয়ে অফিসার পদায়ন নেই। দ্রুত অফিসার পদায়ন করার জন্য অনুরোধ করা হয়েছে।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স :** অগ্নিমহড়ায় অংশগ্রহণকারী ফায়ার সার্ভিসের কর্মীদের মহড়া ভাতা প্রদান করা যেতে পারে। |
| | **ডিআইপি** | মেজর জেনারেল মোঃ নুরুল আনোয়ার, বিএসপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি,জি,মহাপরিচালক, | **<u>২৪ মে ২০২৩ হতে ০৫ জুন ২০২৩</u>**<br>বাংলাদেশ মিশন অস্ট্রেলিয়া (সিডনি ও ক্যানবেরা) এর ই-পাসপোর্ট রোলআউট কার্যক্রমে অংশগ্রহণ। | রোলআউট করা হয়েছে। |
| | | জনাব উম্মে সালমা তানজিয়া, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ) | **<u>১৮ মে ২০২৩</u>**<br>আঞ্চলিক পাসপোর্ট অফিস, চাঁদগাঁও, চট্টগ্রাম। | |
| | | | **<u>৩০ মে ২০২৩</u>**<br>বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী। | |

| | | | |
|---|---|---|---|
| এফএসসিডি | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাইন উদ্দিন, বিএসপি, এনডিসি, পিএসসি, জি, এমফিল, মহাপরিচালক | **০৯-১১ মে ২০২৩**<br>উপসহকারী পরিচালকের দপ্তর কক্সবাজার ও কক্সবাজার, সাতকানিয়া ফায়ার স্টেশন<br>ইনানী, কক্সবাজার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ওয়েলফেয়ার ট্রাস্ট্র কর্তৃক ক্রয়কৃত জমি | |
| | | **২২-২৬ মে ২০২৩**<br>সহকারী পরিচালকের দপ্তর নোয়াখালী ও নোয়াখালী, মাইজদি, বেগমগঞ্জ ফায়ার স্টেশন<br>সহকারী পরিচালকের দপ্তর কুমিল্লা ও কুমিল্লা ফায়ার স্টেশন | |
| প্রিজন | ব্রিগেডিয়ার জেনারেল এ এস এম আনিসুল হক, কারা মহাপরিদর্শক | **০৪ মে ২০২৩**<br>কুমিল্লা কেন্দ্রীয় কারাগার | |
| | | **০৫ মে ২০২৩**<br>ফেনী কেন্দ্রীয় কারাগার | |
| | | **২৪ মে ২০২৩**<br>খুলনা কেন্দ্রীয় কারাগার | |
| | | **২৫ মে ২০২৩**<br>যশোর কেন্দ্রীয় কারাগার | |

**সিদ্ধান্তসমূহ :**

১) প্রত্যেক মাসে অধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;

২) এ বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শন কার্যক্রম চলমান থাকবে পরিদর্শন কালে এ বিভাগের আওতাধীন সকল দপ্তর অত্যন্ত নিখুতভাবে পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন শেষে ৭ দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন সচিব বরাবর উপস্থাপন

করতে হবে।

৩)পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ মাসিক সভায় উপস্থাপন করতে হবে এবং তা বাস্তবায়নে ব্যবস্থা নিতে হবে।

৪) জেলা বা যেকোন স্থাপনা পরিদর্শনের পর মন্তব্য বা সুপারিশসহ প্রতিবেদন দাখিল করতে হবে।

৫) পরিদর্শনের সুপারিশ বা মন্তব্যসমূহ মাসিক সমন্বয়সভার কার্যপত্রে থাকতে হবে।

৬) রাজশাহীতে ফায়ার সার্ভিস এর যে বিল্ডিং ফাটল দেখা দিয়েছে সেই বিল্ডিং এর মেরামত করতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

| | | | |
|---|---|---|---|
| ৯ | **অনিষ্পন্ন বিষয়/পত্রাদি** | সভাকে জানানো হয়, অনিষ্পন্ন বিষয়সমূহের নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত আছে। | ১) এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

১০

১০

**প্রশিক্ষণ কার্যক্রম :** সভাকে জানানো হয়, এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহ ২য়-২০ গ্রেড পর্যন্ত কর্মচারীগণকে প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে।

| ক্রম | মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের নাম | গ্রেড | অনুমোদিত পদ | পুরণকৃত পদ | গত মাস পর্যন্ত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | বর্তমান মাস পর্যন্ত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্ট) | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ (ঘণ্টা) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | **এসএসডি** | ৯ম ও তদূর্দ্ধ গ্রেড | ৭৬ | ৫১ | ২৪ | ০ | ২৪ |
| | | ১০ম গ্রেড | ৫৯ | ৫৪ | ৪০ | ০ | ৪০ |
| | | ১১-১৬ গ্রেড | ১০১ | ৭৭ | ৪৬ | ০ | ৪৬ |
| | | ১৭-২০ গ্রেড | ৪১ | ২৩ | ৪১ | ০ | |
| ২ | **ডিআইপি** | ৯ম ও তদূর্দ্ধ গ্রেড | ১৯০ | ১১৮ | ৬২ | ৬ | ৬৮ |
| | | ১০ম গ্রেড | ১৯৩ | ৫৩ | ৯৯ | ৬ | ৬৫ |
| | | ১১-১৬ গ্রেড | ৮০৭ | ৬৪৭ | ২৪ | ১২ | ৩৬ |
| | | ১৭-২০ গ্রেড | ৩৪০ | ২৯২ | ১৯ | ৮ | ২৭ |
| ৩ | **ডিএনসি** | ৯ম ও তদূর্দ্ধ গ্রেড | ৩০৮ | ১১৬ | ৫২ | ০৫ | ৫৭ |
| | | ১০ম গ্রেড | ২৯৭ | ১৬৩ | ৪২ | ০৮ | ৫০ |
| | | ১১-১৬ গ্রেড | ১১৩৮ | ৭৭৩ | ৩৮ | ০৭ | ৪৫ |
| | | ১৭-২০ গ্রেড | ১৩১৬ | ৮৬২ | ৩০ | ০৮ | ৩৮ |
| ৪ | **এফএসসিডি** | ৯ম ও তদূর্দ্ধ গ্রেড | ৪৮ | ৪৩ | ৪০ | ৭ | ৪৭ |
| | | ১০ম গ্রেড | ৯২ | ৪৩ | ৪৩ | ৮ | ৫১ |
| | | ১১-১৬ গ্রেড | ৫২১২ | ৪৪৫৬ | ৪৩ | ৮ | ৫১ |
| | | ১৭-২০ গ্রেড | ৯১১৬ | ৮৮০০ | ৪৫ | ৮ | ৫১ |
| ৫ | **প্রিজন** | ৯ম ও তদূর্দ্ধ গ্রেড | ৩০৬ | ১২৯ | ৫০ | ৫ | ৫৫ |
| | | ১০ম গ্রেড | ২৯২ | ১৭৫ | ৫০ | ৫ | ৫৫ |
| | | ১১-১৬ গ্রেড | ৬৪৬ | ৩৮৬ | ৫০ | ৫ | ৫৫ |
| | | ১১-১৬ গ্রেড | ১০৬৫৬ | ৯৬৪১ | ৫০ | ৫ | ৫৫ |
| | | ১৭-২০ গ্রেড | ২৭৮ | ১২৯ | ৪১ | ৪ | ৪৫ |

**সিদ্ধান্ত** : ১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়সহ অধিদপ্তরের প্রয়োজন ও চাহিদা মোতাবেক (Need Based) প্রশিক্ষণ ক্যালেন্ডার মোতাবেক মানসম্মত ইনহাউজ প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।
**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

<table>
<tr>
<td>১১</td>
<td>ওয়েবসাইট হালনাগাদকরণ</td>
<td>যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান, সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমুহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। বিভিন্ন দপ্তর কর্তৃক জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য এ বিভাগ ও অধিদপ্তরসমূহের ওয়েবসাইটে আপলোড/আপডেট করা হয়।</td>
<td>১) সকল ওয়েবসাইট যথাযথভাবে হালনাগাদ রাখতে হবে।<br><br>২)এ বিভাগের একজন সিনিয়র কর্মকর্তা নিয়মিত ওয়েবসাইট হালনাগাদ করা হচ্ছে কিনা তা তদারকি করবেন।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
<tr>
<td>১২</td>
<td>ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা</td>
<td>যুগ্ম-সচিব (প্রশাসন) বিবেচ্য মাসে সুরক্ষা সেবা বিভাগ ও অধীনস্থ অধিদপ্তরসমুহের ই-নথি সিস্টেম ব্যবহারের নিম্নরূপ চিত্র উপস্থাপন করেন :<br><br>
<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>নিষ্পত্তিকৃত নথি</th><th>ই-নথিতে (%)</th><th>হার্ডফাইল (%)</th></tr>
<tr><td>এসএসডি</td><td>৪২</td><td>৮৬.২৩%</td><td>১৩.৭৭%</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>ডিআইপি</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>ডিএনসি</td><td>৩৯</td><td>৯৪.৩০%</td><td>৫.৭০%</td></tr>
<tr><td>প্রিজন</td><td></td><td></td><td></td></tr>
</table>
সভাপতি ই-নথিতে ফাইল নিষ্পত্তির হার বৃদ্ধির পরামর্শ প্রদান করেন। তিনি বলেন ই-নথিতে ফাইল নিষ্পত্তির হার যেন কোনভাবেই এপিএর লক্ষ্যমাত্রার নীচে না আসে সে বিষয়ে দপ্তর প্রধানসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সতর্ক থাকতে হবে।</td>
<td>১) ই-নথির মাধ্যমে নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>২)ই-নথির নিষ্পত্তির হার কোনভাবেই এপিএর লক্ষ্যমাত্রার নীচে না আসে সেদিকে সতর্ক থাকতে হবে।<br><br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
</table>

<table>
<tr><td>১৩</td><td>ইনোভেশন/উত্তম চর্চা</td><td>সুরক্ষা সেবা বিভাগ ও অধীনস্থ অধিদপ্তরসমুহের চলমান ইনোভেশন/উত্তম চর্চাসমুহ উপস্থাপিত হয় :<br><br>সভাকে জানানো হয়, ১৪ মে ২০২৩ তারিখ সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২২-২০২৩ অর্থবছরের ৪র্থ সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২.২.৫ নং কর্মসম্পাদন সূচকের আওতায় দেশে/বিদেশে অন্য দপ্তর/অফিস/প্রতিষ্ঠানে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের কার্যক্রমের আওতায় ২৫ মে ২০২৩ তারিখে মাতারবাড়ি কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করা হয়।<br><br>
<table>
<tr><th>ক্রম</th><th>অফিস</th><th>উদ্ভাবনী ধারণা</th></tr>
<tr><td>১</td><td>এসএসডি</td><td>দ্বৈত নাগরিকত্বের সনদপত্রের জন্য অনলাইনে আবেদন গ্রহণ, নিরাপত্তা প্রতিবেদন সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং ডিজিটাল (QR কোড সংবলিত) সনদপত্র প্রদান (বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের জাতীয় ডাটা সেন্টারে হোস্টিং করা হয়েছে। সোনালী ব্যাংকের ‘সোনালী পে’ গেটওয়ে ইন্টিগ্রেশনের জন্য ২০ মার্চ ২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় চুক্তি স্বাক্ষরিত হয়েছে।</td></tr>
<tr><td>২</td><td>প্রিজন</td><td>বন্দি উৎপাদিত পণ্যের প্রসারের লক্ষ্যে E-Commerce System চালুকরণ,</td></tr>
<tr><td>৩</td><td>এফএসসিডি</td><td>ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠানগুলোতে ERS (Emergency Response System) স্থাপন,</td></tr>
<tr><td>৪</td><td>ডিএনসি</td><td>Live Operation Visible Execution (LOVE),</td></tr>
<tr><td>৫</td><td>ডিআইপি</td><td>ই-পাসপোর্টের আবেদনের Basic Checks Clearance Artifical Intelligence (AI) সংযোজন।</td></tr>
</table></td><td>বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তমচর্চা বিষয়ক বাস্তবায়ন অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : ফোকাল পয়েন্ট কর্মকর্তা।</td></tr>
</table>

<table>
<tr><td>১৪</td><td>ভিডিও কনফারেন্সিং</td><td>বিবেচ্যমাসে সুরক্ষা সেবা বিভাগ ও অধীনস্থ অধিদপ্তরসমুহে ২২টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয় :<br><br>
<table>
<tr><th>বিভাগ/অধিদপ্তর</th><th>ভিডিও কনফারেন্সের সংখ্যা</th></tr>
<tr><td>সুরক্ষা সেবা বিভাগ</td><td>৫টি</td></tr>
<tr><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>৫টি</td></tr>
<tr><td>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>৩টি</td></tr>
<tr><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>৪টি</td></tr>
<tr><td>কারা অধিদপ্তর</td><td>৬টি</td></tr>
<tr><td>মোট</td><td>২৩টি</td></tr>
</table></td><td>১)ভিডিও কনফারেন্সিং আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>২)মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সম্ভাব্য ক্ষেত্রে হাইব্রীড মোডে সভা আহ্বান করতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td></tr>
<tr><td>১৫</td><td>বিভাগীয় ও দেওয়ানী মামলা</td><td>এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে গত মাস পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ৫২২টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ৩৭টি, মোট মামলার সংখ্যা ৫৫৯টি। এর মধ্যে ১১টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ৫৪৮টি মামলা অনিষ্পন্ন/চলমান রয়েছে।<br><br>২) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে গত মাস পর্যন্ত বিভাগীয় আপিল মামলার সংখ্যা ৮টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ০টি, মোট আপিল মামলার সংখ্যা ৮টি, নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা ০টি, অবশিষ্ট আপিল মামলার সংখ্যা ৮টি। এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে এএটি/এটি মামলার সংখ্যা এটি-১২১টি ও এএটি-৫১টি।<br><br>৩) এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে লিভ-টু-আপিল মামলার সংখ্যা-৫১টি, রিট-৩০৪টি, সিভিল রিভিশন-১৩টি, দেওয়ারি-০টি, ফৌজদারি-০টি, মামলা নিষ্পত্তির কোন অগ্রগতি নেই।</td><td>১) চলমান মামলাসমূহ নির্ধারিত সময়ে নিস্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে;<br><br>২) বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ অধিদপ্তরে নিযুক্ত প্যানেল আইনজীবীগণ কর্তৃক মামলার মেরিট অনুযায়ী যেন আদালতে সঠিকভাবে তথ্য উপস্থাপন করা হয় সে বিষয়ে মনিটরিং করতে হবে এবং অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে;<br><br>৩) তদবিরের অভাবে যেন কোন মামলার মেরিট নষ্ট না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td></tr>
</table>

সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি পেন্ডিং বিষয়সমূহ অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তি করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় উপস্থিত সকল সদস্য ও তাঁদের অধীন কর্মকর্তা- কর্মচারীগণের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার

সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১১.০০১.২২.১৯৬

তারিখ: ৮ আষাঢ় ১৪৩০
২২ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব